

৭. প্রজাপতি



এই ছড়াটি পড়তে গিয়ে ছাত্রছাত্রীরা ছন্দ মিলিয়ে কবিতা পড়তে শিখবে।
পড়ার অভিজ্ঞতা থেকে তারা রামধনু আঁকতে ও রং করতে শিখবে।



ফুলের দলে প্রজাপতি
হাসির পরে হাসি!
এমন শোভা দেখতে আমি
বড়োই ভালোবাসি!

উড়ে উড়ে কেমন তারা
বেড়ায় নেচে নেচে;
ইন্দ্রধনু দিয়ে পাখা
জান, কে এঁকেছে?

যাঁর দয়াতে গোলাপ ফোটে—
লোহিত বরণ মাখা,
যাঁর দয়াতে হাসির ছটায়
শিশুর আনন ঢাকা;
রবি-শশী ফুটিয়ে জগৎ
আলো করেন যিনি,
প্রজাপতির পাখায় হেন
সাজ দিয়েছেন তিনি।



যোগীন্দ্রনাথ সরকার

জেনে রাখ

মল্প কথায় যা পড়লে: এ-জগতের সবকিছুই বিধাতার দান। তাঁর দয়াতেই লাল রঙের গোলাপ ফুটে। শিশুর মুখের হাসিটিও তাঁরই দান। চন্দ্র-সূর্যের আলো দিয়ে তিনিই জগৎ আলোকিত করে।
ই বিধাতাই সাতরঙা রামধনুর মতো সুন্দর করে প্রজাপতির ডানা এঁকে দিয়েছেন।

